## উৎপাদন ক্ষমতা নির্ণয়ে কি পদ্ধতি অনুসরণ করা হয় ?

জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন আদেশ নং- ১৪/২০০৮ তারিখ: ২৯/০৬/২০০৮ এর অনুচ্ছেদ-২ মোতাবেক প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতা নিম্নবর্ণিত পদ্ধতিতে নির্ধারণ করা হয়ে থাকে। যথা " মেশিনের ক্যাটালগে বর্ণিত উৎপাদন ক্ষমতা এবং সরেজমিনে জরিপকৃত মেশিনের উৎপাদন ক্ষমতা বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতা নির্ণয় করিতে হইবে। রাজস্ব কর্মকর্তা এর নিম্নে নহেন এরূপ একজন কর্মকর্তার তত্ত্বাবধানে মেশিনের উৎপাদন ক্ষমতা জরিপ করিতে হইবে এবং বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যবহৃত একই Marke & Model এর মেশিনের উৎপাদন ক্ষমতার মধ্যে যাহাতে সামঞ্জস্য থাকে তাহা নিশ্চিত করিতে হইবে। শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতা নির্ণয় কল্পে বৎসরে ৩০০ (তিনশত) কার্যদিবস এবং প্রতি কার্যদিবসে ২০ (বিশ) কর্ম ঘন্টা বিবেচ্য হইবে। তবে, কোন শিল্প প্রতিষ্ঠান ৩ (তিন) শিফটে উৎপাদন কার্যক্রম পরচালিত হয় এরূপ ঘোষণা প্রদান করা হইলে এবং উক্তরূপ ঘোষণার সমর্থনে প্রমাণ্য দলিলাদি কমিশনার (বন্ড) বা যে কোন এখতিয়ার সম্পন্ন শুল্ক কমিশনার এর নিকট দাখিল করা হইলে তাহা যথাযথ প্রাপ্তি সাপেক্ষে উক্ত কমিশনার উক্ত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতি কার্যদিবসে ২৪ ঘন্টা বিবেচনা করিতে পারিবেন। এইরূপ ক্ষেত্রে আকস্মিক পরিদর্শনে কোন শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন কার্যক্রম ২৪ ঘন্টা পরিচালনার ঘোষণা যথাযথ নয় মর্মে প্রতিষ্ঠিত হইলে উক্ত প্রতিষ্ঠানের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। কোন প্রতিষ্ঠানের মোট বার্ষিক উৎপাদন ক্ষমতা নিম্নরূপে নিরুপিত হবে : বার্ষিক উৎপাদন ক্ষমতা = বার্ষিক মোট কার্যদিবস (৩০০) x কার্যদিবস ঘন্টা (২০ অথবা ক্ষেত্রমত ২৪) x উৎপাদন ব্যবস্থা মেশিনের সংখ্যা x প্রতি ঘন্টায় মেশিনের উৎপাদন ক্ষমতা।